যুগান্তর

তারিখ 26 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...



মুক্তিযুদ্ধের বইপড়া উৎসবের কার্যক্রম ও রেজিস্ট্রেশনে শিক্ষার্থীরা

# সিলেটে স্কুল পর্যায়ে মুক্তিযুদ্ধের বইপড়া উৎসবের কার্যক্রম ও রেজিস্ট্রেশন চলছে

'জ্ঞানের আলোয় অবাক সূর্যোদয়!/এসো পাঠ করি/বিকৃতির তমসা থেকে/আবিষ্কার করি স্বাধীনতার 'ইতিহাস' স্লোগান সামনে রেখে চলছে যুগান্তর স্বজন সমাবেশের আয়োজনে প্রথমবারের মতো স্কুল পর্যায়ে মুক্তিযুদ্ধের বইপড়া উৎসবের প্রচারণা ও রেজিস্ট্রেশন কার্যক্রম।

সিলেটে স্কুল পর্যায়ে বইপড়া উৎসব কেন্দ্র করে সিলেট মহানগর ও আশপাশের স্কুলগুলোতে বিরাজ করছে উৎসাহ-উদ্দীপনা। বইপড়ায় অংশ নিতে অভিভাবক এবং শিক্ষকরাও উদ্বুদ্ধ করছেন তাদের শিক্ষার্থীদের। স্বজন সমাবেশের সংগঠকরা প্রতিদিনই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যাচ্ছেন। ইতিমধ্যে প্রায় তিন শতাধিক শিক্ষার্থী রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করেছেন। বইপড়া উৎসবে শিক্ষার্থীদের অংশগ্রহণ ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে সভা করেন উৎসবের উদ্যোক্তারা। এদিকে নগরীর আল-মনাফ ইন্টারন্যাশনাল স্কুলে এক সপ্তাহে ৩০ শিক্ষার্থী বইপড়ায় অংশগ্রহণ করার জন্য রেজিস্ট্রেশন করেন। এসময় উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক মানবেন্দ্র দাস, সহকারী শিক্ষকমণ্ডলী এবং যুগান্তর স্বজন সমাবেশ সিলেটের সাধারণ সম্পাদক সুবিনয় আচার্য রাজু। শুক্রবার সিলেট যুগান্তর অফিসে বিভাগীয় সমন্বয়ক সহকারী অধ্যাপক প্রণবকান্তি দেবের সভাপতিত্বে বইপড়া উৎসবের কার্যক্রম এবং অনুষ্ঠান নিয়ে এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। তিনি বলেন, রেজিস্ট্রেশন শেষে আনুষ্ঠানিকভাবে শিক্ষার্থীদের হাতে মুক্তিযুদ্ধবিষয়ক বই তুলে দেয়া হয়। এসময় উপস্থিত ছিলেন স্বজন সমাবেশ সিলেটের সহ-সভাপতি সুমন রায়, সাধারণ সম্পাদক সুবিনয় আচার্য রাজু, স্বজন অজয় বৈদ্য অন্তর, শাহ্‌শরীফ, ইমরান আহমেদ প্রমুখ। উল্লেখ্য, বর্তমান প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানানোর লক্ষ্যে যুগান্তর স্বজন সমাবেশ সিলেটের আয়োজনে গত এক দশক ধরে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে বইপড়া উৎসব অনুষ্ঠিত হয়ে আসছে।

সুবিনয় আচার্য রাজু